দৈনিক ইত্তেফাক

তারিখ ... ১৪ ... পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

## মহিলা পলিটেকনিক ইনষ্টিটিউট

১৮টি পলিটেকনিক ইনষ্টিটিউটের মধ্যে ঢাকায় অবস্থিত দেশের একমাত্র মহিলা পলিটেকনিক ইনষ্টিটিউট ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয়। কারিগরি শিক্ষায় মেয়েদের সীমিত সুযোগের কথা চিন্তা করিয়া বাংলাদেশ সরকার ইউনেস্কোর সহযোগিতায় ইনষ্টিটিউটটি স্থাপন করেন। উক্ত ইনষ্টিটিউটের ইলেকট্রনিক্স ও স্থাপত্য বিভাগে ২৮০ জন ছাত্রী ভর্তি হয়। অত্যন্ত দুঃখের বিষয়, ইনষ্টিটিউটটি আজ নানান সমস্যার সম্মুখীন। লাইব্রেরীতে বইয়ের সমস্যা, ইনষ্ট্রুমেন্টের সমস্যা, পরিবহন ও আবাসিক সমস্যা ইত্যাদি বিভিন্ন সমস্যায় ইনষ্টিটিউটটি জর্জরিত। এইসবের ভোগান্তির স্বীকার হইতেছে নিরপরাধ সাধারণ ছাত্রীরা। দেশের একমাত্র মহিলা পলিটেকনিক ইনষ্টিটিউটের প্রতি নজর দেওয়ার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—নাহার আক্তার, মহিলা পলিটেকনিক ইনষ্টিটিউট, শের-ই বাংলানগর, ঢাকা-৭।